গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

স্মাঃ ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৮.২১- ২২৬ তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯ / ২৭ জুলাই ২০২২

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সৃষ্ট সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা একটানা ৬০ দিনের উর্ধ্বে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় গত ১০-১১-২০২১ তারিখে তাকে চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হয়। পরবর্তীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২(খ) ও ২(চ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে তার বিরুদ্ধে ১০/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজু এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠনপূর্বক জারি করা হয়।

যেহেতু, অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর সংশ্লিষ্ট বিধি অনুযায়ী কেন তার বিরুদ্ধে যথোপযুক্ত শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হবে না এর জবাব লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তাছাড়া ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কি-না তাও লিখিতভাবে জানানোর জন্য বলা হয়। তিনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব প্রেরণ করেননি বা ব্যক্তিগত শুনানী প্রদানের ইচ্ছা পোষণ করেননি।

যেহেতু, তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগ তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(৩) বিধি মোতাবেক এ বিভাগের সিনিয়র সহকারী সচিব, জনাব আব্দুল্লাহ-আল-মাসুদ কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ১৪-০৩-২০২২ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ) এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়।

যেহেতু, জনাব সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ) এর নিকট অভিযোগনামা, অভিযোগ বিবরণী এবং তদন্ত প্রতিবেদনের কপি প্রেরণপূর্বক তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে কেন তাকে গুরুদন্ড প্রদান করা হবে না মর্মে একই বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদানপূর্বক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে তিনি জবাব দাখিল করেননি। এ পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(গ) অনুযায়ী গুরুদন্ড তথা "চাকুরী হইতে অপসারণ" এর সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

যেহেতু, তার নিকট থেকে নির্ধারিত সময়ে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব পাওয়া যায়নি এবং তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) অনুযায়ী গুরুদন্ড "চাকুরী হইতে অপসারণ" এর সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং এতদবিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক জনাব মোঃ সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সৃষ্ট সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-কে "চাকুরী হইতে অপসারণ" এর সিদ্ধান্তের সাথে ১৯-০৬-২০২২ তারিখের ৮০.০০.০০০০.১১৩.৩৪.০০৯.২২-৩৬ নং স্মারকে একমত পোষন করে;

অঃপ্রঃদ্রঃ-

যেহেতু, জনাব মোঃ সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সৃষ্ট সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (৩)(গ) অনুযায়ী "চাকুরী হইতে অপসারণ" গুরুদন্ড আরোপের বিষয়টির সার-সংক্ষেপ মহামান্য রাষ্ট্রপতি সমীপে প্রেরণ করা হলে তিনি সানুগ্রহ অনুমোদন করেন;

সেহেতু, এক্ষণে জনাব মোঃ সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সৃষ্ট সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (৩)(গ) মোতাবেক "চাকুরী হইতে অপসারণ" গুরুদন্ডে দন্ডিত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ গত ২১-০১-২০২১ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

27.7.2022

(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৮.২১-২২৬ /১(১৪)

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯
২৭ জুলাই ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. উপসচিব (সওজ গেজেটেড ও সংস্থাপন শাখা) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)
১২. জনাব মোঃ সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সৃষ্ট সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৫. অফিস কপি

সিনিয়র সিস্টেম এনালিষ্ট
- সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি
- ডাইরি নং ২১৭

29.07.2022
(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪